জীবননগরে নৈশপ্রহরীদের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে জীবননগরে উপজেলার নৈশপ্রহরীদের মাঝে কম্বল উপহার দেন জীবননগর থানা পুলিশ।

বৃহস্পতিবার বেলা ১২টার সময় জীবননগর থানা চত্বরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠান উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মো. মুন্না বিশ্বাস, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক প্রমূখ।

এছাড়াও জীবননগর থানার অনন্য পুলিশ সদস্য উপস্থিত ছিলেন ।

দামুড়হুদায় নবাগত ইউএনও’র সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

দামুড়হুদায় নব যোগদানকৃত নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা’র সাথে উপজেলার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে উপজেলা পরিষদের সভা কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সিনিয়র সহ-সভাপতি মোজাম্মেল শিশির, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সাবেক সভাপতি হাবিবুর রহমান হবি, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন,ক্রীড়া সম্পাদক বিল্লাল হোসেন, নির্বাহী সদস্য মিরাজুল ইসলাম মিরাজ, সুজন।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাংবাদিক সমিতির

সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সদস্য এফ এ আলমগীর হোসেন, সহ সম্পাদক কামরুজ্জামান যুদ্ধ, সদস্য আব্দুল হান্নান, সুকুমার চন্দ্র বাধন, হাসমত আলী।কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি আঃ জলিল, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান।

জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ সাংগঠনিক সম্পাদক গোলাম মর্তুজা মিন্টু, প্রচার সম্পাদক জাহাঙ্গীর আলম মানিক, সহ-প্রচার সম্পাদক আনারুল ইসলাম, কোষাধক্ষ্য আরাফাত মল্লিক, দুর্যোগ ও ত্রাণ বিষয়ক সম্পাদক আলমগীর হোসেন, সিম্পোজিয়াম মিটিং পরামর্শ বিষয়ক সম্পাদক সোহাগ হোসেন, নির্বাহী সদস্য ইমরান হোসেন, শেখ হাতেম, হাফিজুর রহমান শমসের, রাজু আহম্মেদ, রবিউল ইসলাম বাবু, মশিউর রহমান প্রমূখ।

দামুড়হুদা সীমান্তে আটক ভারতীয় বৃদ্ধা নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর

দামুড়হুদা উপজেলার মুন্সিপুর সীমান্ত এলাকা থেকে আটকের চাঁর দিনপর ভারতীয় অসুস্থ বৃদ্ধা নাগরিক মন্ডল জমিলা বেওয়া (৭৮)কে বিএসএফের নিকট হস্তান্তর করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধায় বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতীয় নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর করা হয়। আটককৃত বৃদ্ধা ভারতের নদীয়া জেলার ধুবুলিয়া থানার পাথরাদহ গ্রামের মৃত ফজলু’র স্ত্রী।

চুয়াডাঙ্গা-৬ব্যাটালিয়ন (বিজিবির) পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি জানান,গত তিন মাস আগে মন্ডল জমিলা বেওয়া বাংলাদেশী বসবাসকারী মেহেরপুরের কাসীয়ারী পাড়া গ্রামে তার আত্মীয়র বাড়ীতে

বেড়াতে আসে। গত রবিবার (২২ জানুয়ারি) তিনি দামুড়হুদার মুন্সীপুর বিওপির ৯৩ মেইন পিলারের নিকট দিয়ে অবৈধ ভাবে ভারতে প্রবেশ করারর চেষ্টা করলে ৮২ বিএসএফ এর মহাখোলা ক্যাম্পের কর্তব্যরত সদস্যগণ তাকে ভারতে প্রবেশে বাধা প্রদান করে।

বিজিবির টহলদল বেলা তিনটার দিকে মুন্সিপুর এমপি ঘাট নামক স্থান থেকে তাকে আটক করে। বৃদ্ধা বার্ধক্যজনিত রোগী হওয়ায় ২৩ জানুয়ারি মুন্সীপুর বিওপির এবং মহাখোলা ক্যাম্পের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ক্যাম্পের সীমান্তের ৯৩/৩-আর এর নিকট শুন্য লাইনে বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে আটককৃত বৃদ্ধা মহিলাকে ভারতে ফেরত বিষয় উপস্থাপন করা হয়।

পরবর্তীতে ২৫ জানুয়ারি সন্ধায় মুন্সিপুর সীমান্তের ৯৩/৩-আর এর নিকট বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতীয় নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর করা হয়।

শর্তে ক্ষমা পেলেন গাংনীর ষোলটাকা ইউপি চেয়ারম্যান পাশা

দলীয় সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা পেলেন মেহেরপুরের গাংনীর ষোলটাকা ইউপি চেয়ারম্যান ও ষোলটাকা ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আনোয়ার হোসেন পাশা।

আজ বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) বাংলাদেশ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত পত্রে তাকে ক্ষমা প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা হয়।

গত স্থানীয় ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময় আওয়ামীলীগের দলীয় প্রার্থীকে সমর্থন না জানিয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে আনোয়ার হোসেন পাশা নির্বাচনে অংশ নেন এবং বিপুল ভোটে জয়লাভ করেন। স্থানীয় আওয়ামীলীগের সু-পারিশে তাকে দল থেকে বহিষ্কার করা হয়।

এমতাবস্থায় গত ১৭ ডিসেম্বর ২২ইং তারিখে গণভবনে অনুষ্ঠিত আওয়ামীলীগের জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ি সংগঠনের গঠনতন্ত্রের ১৭(৬) এবং ৪৭(২) ধারা মোতাবেক দলের কার্যনির্বাহী সংসদের নিকট ক্ষমা প্রার্থনার আবেদন করেন আনোয়ার হোসেন পাশা। বিষয়টি পর্যালোচনা শেষে দলীয় সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা প্রদর্শন করা হয়।

গাংনীর রানা চেয়ারম্যানের অব্যাহতির আদেশ প্রত্যাহার করেছে আওয়ামীলীগ

মেহেরপুরের গাংনী কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানার অব্যাহতির আদেশ প্রত্যাহার করেছে বাংলাদেশ আওয়ামীলীগ।

বৃহস্পতিবার (২৬ জানুয়ারী) কেন্দ্রীয় আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবায়দুল কাদের এমপির স্বাক্ষরিত পত্রে অব্যাহতির আদেশ প্রত্যাহারের এ তথ্য জানানো হয়েছে।

আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবায়দুল কাদের এমপির স্বাক্ষরিত পত্রে বলা হয়েছে, আওয়ামীলীগ মনোনীত প্রার্থীর বিরুদ্ধে নির্বাচন করায় জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানাকে সংগঠন থেকে অব্যাহতি দেয়া হয়। পরবর্তীতে জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানার আবেদনের প্রেক্ষিতে ২০২২ সালের ১৭ ডিসেম্বর গণভবনে আওয়ামীলীগের জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংগঠনের স্বার্থ পরিপন্থী না করার শর্তে তার অব্যাহতির আদেশ প্রত্যাহার করা হয়।

অব্যাহতির আদেশ প্রত্যাহার সংক্রান্ত অনুলিপি কেন্দ্রীয়

[redacted]

[redacted]

গাংনীতে পিকেএসএফ এর কম্বল বিতরণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উদ্যোগে দারিদ্র বিমোচন সংস্থা (ডিবিএস) এর সহযোগীতায় মেহেরপুরের গাংনী, বামন্দী ও কাজীপুর ইউনিয়নের অসহায় হতদরিদ্র ৭০০ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয় ।

বুধবার সকালে ডিবিএস এর গাংনী শাখা অফিস প্রাঙ্গণে ডিবিএস এর নির্বাহী পরিচালক মোঃ আবু জাফরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুন।

এ সময় গাংনী উপজেলা অফিসার মোছাঃ রনি খাতুন বলেন, পিকেএসএফ ও ডিবিএস কে সামাজিক সেবামূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান । তিনি আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার সব সময়ই জনকল্যাণমূলক কর্মীদের পাশে আছেন ।

ডিবিএস এর নির্বাহী পরিচালক মোঃ আবু জাফর বলেন, পিকেএসএফ সব সময়ই বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে । ডিবিএস পিকেএসএফ এর এই সেবামূলক কার্যক্রম মাঠপর্যায়ে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে বাস্তবায়ন করতে পেরে অত্যন্ত আনন্দিত ও গর্বিত । ভবিষ্যতে ডিবিএস ও পিকেএসএফ এভাবেই মানুষের সেবাই এগিয়ে আসবে বলে দৃঢ় প্রতিজ্ঞা ব্যক্ত করেন ।

এছাড়া একইদিনে পৃথক পৃথকভাবে ডিবিএস এর বামন্দী ও কাজীপুর শাখাতেও ডিবিএস এর অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে মোট ৭০০ জন দুস্থ ও অসহায় মানুষদের মধ্যে এই কম্বল বিতরণ করা হয় । মূলত তৃণমূল পর্যায়ে যথাযথ জরিপের মাধ্যমে উল্লেখিত তিনটি ইউনিয়নের ৭০০ জন অসহায় শীতার্ত মানুষের তালিকা করা হয় । এবং সেই তালিকার ওপরে ভিত্তি করেই এই কম্বলগুলো বিতরণ করা হয় । কম্বল প্রাপ্ত অসহায় মানুষদের বেশিরভাগই ষাটোর্ধ্ব প্রবীণ। তবে অনেক এতিম, প্রতিবন্ধী ও বিধবা নারীও এই কম্বল পেয়েছেন ।

উল্লেখ্য যে, এর আগেও গত ১৬ই জানুয়ারী রোজ সোমবার মেহেরপুরের কুতুবপুর ইউনিয়স্থ ২৪০ জন অসহায় শীতার্তের মাঝে ডিবিএস তার

নিজস্ব অর্থায়নে কম্বল বিতরণ করে ।

সদর উপজেলা জামায়াতের আমির ও বুড়িপোতা ইউনিয়ন আমির গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর থেকে উপজেলা জামায়াতের আমির সোহেল রানা ও রাধাকান্তপুর থেকে বুড়িপোতা ইউনিয়ন জামায়াতের আমির হামিদুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার সকালে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল নিজ নিজ গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়।
সোহেল রানা কামদেবপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে এবং হামিদুল ইসলাম রাধাকান্তপুর গ্রামের হানিফ মিয়ার ছেলে।

মেহেরপুর সদর থানার ওসি তদন্ত শেখ মইনুল ইসলাম জানান, গ্রেফতারকৃত জামায়াত নেতাদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে নাশকতার মামলা চলমান রয়েছে। যার মামলা নম্বর-২২, তারিখ ১৪/০১/২০২৩ ইং। গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে আদি বম্বে ব্রেড এন্ড সুইটস’র ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে আদি বম্বে বেড এন্ড সুইটস কারখানায় অভিযান চালিয়ে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ

অধিদপ্তর।

বুধবার দুপুরে ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। এসময় স্যানিটারি পরিদর্শক তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

সহকারী পরিচালক সজল আহমেদ জানান, অভিযানে জানতে পারি আদি বম্বে ব্রেড এন্ড সুইটসের কারখানায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরি, মানুষের শরীরের জন্য ক্ষতিকারক রং ও অবৈধভাবে বিএসটিআই এর লোগো এবং ভূয়া লাইসেন্স ব্যবহার করে উৎপাদন করে। এ ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ ও ৪৩ ধারায় আদি বম্বে ব্রেড এন্ড সুইটসের মালিক রাসেলকে ৫০ হাজার টাকা জরিমানা প্রদান করা হয়।

মেহেরপুরে বিএনপির অপর অংশের সমাবেশ

মেহেরপুরে গণতন্ত্র হত্যা দিবস গণতন্ত্রের পুনরুদ্ধারে ১০ দফা দাবি দাবিতে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে জেলা বিএনপির বড়বাজার কার্যালয়ে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল এর সঞ্চালনায় জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমগীর খান ছাতু সহ-সভাপতি জেলা বিএনপি। এছাড়াও বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জিয়া মঞ্চের সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি।

এছাড়া উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জিয়া মঞ্চের যুগ্ন আহবায়ক হাসানুজ্জামান বিপলু, যুবনেতা